57

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18.DEC. 1998 ...
পৃঃ ৪ কলাম ৪ ......

## সার্বিক সাক্ষরতা আন্দোলনের কেন্দ্র শিক্ষকদের সম্মানী

৭/১০/৯৭ তারিখ হইতে পিরোজপুর জেলা সদর থানায় সার্বিক সাক্ষরতা আন্দোলনের কর্মসূচী শুরু হয়। আমরা প্রায় ১৫ শত শিক্ষক-শিক্ষিকা এই কাজে নিয়োজিত ছিলাম। কঠোর পরিশ্রম ও বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির মোকাবেলা করিয়া ৪/৬/৯৮ তারিখে কেন্দ্রের মূল্যায়ন শেষ করি। ৫ই জুন কেন্দ্রে সরবরাহকৃত মালামাল পুনরায় আমরা জমা দেই। এই মহান কর্মসূচী বাস্তবায়নের জন্য আমাদের কোন সম্মানী প্রদান করা হয় নাই। অথচ বিভিন্ন সময়ে থানা নির্বাহী অফিসার ও অন্যান্য কর্মকর্তা আমাদের সম্মানী প্রদানের প্রতিশ্রুতি দিয়াছেন। যেহেতু আমরা সবাই বেকার, সেহেতু এই সম্মানী সামান্য হইলেও আমাদের জন্য অনেক। এমতাবস্থায়, আমরা যাহাতে অতি সত্বর আমাদের পরিশ্রমের সম্মানী পাইতে পারি, সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ আঃ জব্বার,
কেন্দ্র শিক্ষক পশ্চিম টগড়া,
ডাকঃ পারেরহাট, জেলাঃ
পিরোজপুর।